সংলগ্নী-৪

গণপ্রজাতন্ত্রী বাংলদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন বাজেট অনুবিভাগ।

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-১৩/০৪/৩৬৮ তারিখঃ ১৭/০৩/২০০৪ খ্রিঃ।

বিষয়ঃ বিভিন্ন স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত সংস্থা এবং পাবলিক সেক্টর কর্পোরেশনসমূহকে স্থানীয়/বৈদেশিক মুদ্রায় ঋণ প্রদানের সংশোধিত শর্তাবলী।

সরকার বিভিন্ন স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত সংস্থা এবং পাবলিক সেক্টর কর্পোরেশনসমূহকে স্থানীয় মুদ্রায় প্রদত্ত ঋণ, বৈদেশিক মুদ্রায় ঋণের লগ্নী এবং পুনঃলগ্নীর সুদের হার এবং শর্তাবলী পুর্নবিবেচনা করে একটি সংশোধিত নীতিমালা প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। সংশোধিত নীতিমালাটি অবিলম্বে কার্যকর হবে এবং চলতি ও নতুন উভয় ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে চলতি বৈদেশিক ঋণের ক্ষেত্রে বৈদেশিক ঋণ চুক্তি অনুযায়ী সহায়ক ঋণের শর্তাবলী পরিবর্তনের জন্য উন্নয়ন সহযোগীর সম্মতির প্রয়োজন হলে সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগীর সম্মতিক্রমে তা কার্যকর করা হবে।

৩। ঋণ গহণকারী সংস্থাসমূহ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগীর প্রয়োজনীয় সম্মতি গ্রহণের উদ্যোগ গ্রহণ করবে এবং সে অনুযায়ী সংশ্লিষ্ট সহায়ক ঋণ চুক্তি সংশোধনের প্রয়োজনীয় পদক্ষেপ নিবে।

৪। এ বিষয়ে পূর্বে জারীকৃত সকল আদেশ এতদ্বারা বাতিল করা হ'ল।

স্বাঃ
(মোহাম্মদ আবদুল মজিদ)
যুগ্ম-সচিব (উন্নয়ন বাজেট)

বিতরণ ঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব ..... মন্ত্রণালয়/বিভাগ।
৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।
৫। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক (সকল সংস্থা) .....।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।